# ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)-এর জন্য গঠিত প্রশাসক বোর্ডের (Board of Administrators) বার্তা:

৯ জুলাই ২০২৬ ইং তারিখে ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি) এর ক্যাম্পাসে Board of Administrators (BoA) এর সম্মানিত সদস্যবৃন্দের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যানদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রশাসক বোর্ডের সম্মানিত চেয়ারম্যান Professor Dr. Muhammad Mezbah-ul-Islam এর নেতৃত্বে বোর্ডের তিনজন সদস্য উপস্থিত ছিলেন। বোর্ডের অপর দুই সদস্য ছিলেন Professor Dr. Md. Elias Al-Mamun এবং Brig. Gen (Retd) Monzurul Alam.

বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান এবং বিভিন্ন প্রশাসনিক বিভাগের প্রধানগণ সভায় অংশগ্রহণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে প্রশাসক বোর্ডের চেয়ারম্যান দৃঢ়ভাবে উল্লেখ করেন যে, বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে গঠিত প্রশাসক বোর্ডের প্রধান লক্ষ্যসমূহ :

- ইইউবির শিক্ষার্থীদের বৈধ ও ন্যায্য অধিকার নিশ্চিত করা;
- বিশ্ববিদ্যালয়ের নামের পাশে ইউজিসি কর্তৃক সংযুক্ত তিনটি লাল তারকা (*) প্রত্যাহার এর জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ;
- বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন (Convocation) আয়োজনের ব্যবস্থা করা।

সভায় জানানো হয় যে, বিশ্ববিদ্যালয়ের নামের পাশে তিনটি লাল তারকা (*) সংযুক্ত করার পেছনে প্রধানত তিনটি কারণ ছিল—

১. তৎকালীন বোর্ড অব ট্রাস্টিজের মধ্যে বিশ্ববিদ্যালয়ের মালিকানা-সংক্রান্ত বিরোধ;
২. শ্যামলী ক্যাম্পাসে পূর্ববর্তী সময় অনুমোদিত আসনসংখ্যার তুলনায় অধিকসংখ্যক শিক্ষার্থী ভর্তি; এবং
৩. আইন অনুযায়ী নিজস্ব ক্যাম্পাসের জন্য প্রয়োজনীয় জমির ঘাটতি।

সভার সমাপনী বক্তব্যে তিনি বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব, সুনাম ও অগ্রযাত্রা নিশ্চিত করতে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করেন। একই সঙ্গে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান অংশীজন শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে নিজ নিজ কর্তব্য পালন করার আহ্বান জানান।

Board of Administrators এর সম্মানিত চেয়ারম্যানের ধন্যবাদ জ্ঞাপন এবং উপস্থিত সকলের পক্ষ থেকে উপাচার্য কর্তৃক বোর্ডকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘটে।

৯/৭/২০২৬

অধ্যাপক ড. মো. গোলাম মরতুজা
উপাচার্য, ইইউবি
ও সদস্য সচিব, বোর্ড অব অ্যাডমিনিস্ট্রেটরস



Mailing Address :
Permanent Campus: 2/4. Gabtoli, Mirpur, Dhaka-1216.
www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd